

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
যানবাহন উপশাখা ডেস্ক-১
www.brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.২১১.২৬.০০১.১৮.১১১

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪২৬

১০ ডিসেম্বর ২০১৯

বিষয়: বিআরডিবি জেলা দপ্তরসমূহে রক্ষিত অকেজো গাড়ি নিলামে বিক্রয় সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয় অনুসরণে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর বিভিন্ন জেলা দপ্তরসমূহে বিদ্যমান ব্যবহার উপযোগী যানবাহনসমূহের পাশাপাশি অনেক জেলায় দীর্ঘদিনের পুরানো অকেজো/ব্যবহার অনুপযোগী এবং মেরামত অলাভজনক/অযোগ্য যানবাহন রয়েছে। বিআরডিবি'র স্মারক ৪৭.৬২.০০০০.২১০.০০.১৭৩.১৬.৩৪৯৮ তারিখ ২৮/০৩/২০১৭ খ্রি. মূলে স্থানীয় পর্যায়ে গঠিত কমিটি কর্তৃক অকেজো/ব্যবহার অযোগ্য যানবাহনসমূহ অকেজো ঘোষণা ও রিজার্ভ মূল্য নির্ধারণ করে বিআরডিবি সদর কার্যালয়/পরিচালনা পর্ষদ এর অনুমোদনক্রমে নিলামে বিক্রয়/অপসারণ সুযোগ রয়েছে (পত্র সংযুক্ত দয়া করে দেখা যেতে পারে)। তাই যে সকল জেলায় অকেজো ও ব্যবহার অনুপযোগী এবং মেরামত অলাভজনক/অযোগ্য যানবাহন রয়েছে, সেসকল জেলা-কে আগামী ২০/১২/২০১৯ তারিখের মধ্যে স্থানীয় পর্যায়ে কমিটির মাধ্যমে প্রক্রিয়া অনুসরণপূর্বক অকেজো ঘোষণা/রিজার্ভ মূল্য নির্ধারণপূর্বক প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

এছাড়া, যে সকল জেলার অকেজো যানবাহনসমূহের ইতঃপূর্বে নিলামের মাধ্যমে বিক্রয়ের অনুমতি রয়েছে এবং নিলাম ডাকের মাধ্যমে উপযুক্ত মূল্য না পাওয়া বিক্রয় সম্ভব হচ্ছে না সে সকল জেলাসমূহকে বর্ণিত কমিটির মাধ্যমে রিজার্ভ মূল্য পুনঃনির্ধারণ করে পুনরায় প্রস্তাব উল্লেখিত সময়ের মধ্যে সদর কার্যালয়ে প্রেরণ করার জন্যও অনুরোধ করা হলো।



১০-১২-২০১৯

এস.এম.ফিরোজ আলম

যুগ্মপরিচালক

ফোন: +৮৮০২৮১৮০০০৯

ফ্যাক্স: +৮৮০২৮১৮০০০৩

ইমেইল: jdadmin@brdb.gov.bd

উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, জেলাদপ্তর (সকল)

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.২১১.২৬.০০১.১৮.১১১/১(৫)

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪২৬

১০ ডিসেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপপরিচালক (হিসাব/বাজেট/নিরীক্ষা), বিআরডিবি, ঢাকা।
- ২) উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৩) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।



১০-১২-২০১৯

মোহাম্মদ আতিকুর রহমান

উপপরিচালক



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লীভবন

৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫

ফোন: ০২-৮১৮০০০৮

ফ্যাক্স: ০২-৮১৮০০০৩

Email: dradmn@brdb.gov.bd

Web: www.brdb.gov.bd

নং: ৪৭.৬২.০০০০.২১০.০০.১৭৩.১৬.১৩৯৮

তারিখ: ১৮ মে ২০১৭

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের আওতাধীন জেলাদপ্তর ও উপজেলা দপ্তরে বিভিন্ন আইটি মালামাল, আসবাবপত্র, মনিহারী ও অন্যান্য স্বল্প-মূল্যের সামগ্রী ক্রয়/সংগ্রহ/মেরামত এবং অকেজো ও ব্যবহার-অনুপযোগী মালামাল বিক্রয়/নিষ্পত্তির লক্ষ্যে পিপিআর, ২০০৮ এর তফসিল-২, বিধি-৮(২) মোতাবেক স্থানীয় কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে নিম্নরূপ দুটি দরপত্র মূল্যায়ন কমিটি গঠন করা হলো-

ক) জেলাদপ্তরের জন্য দরপত্র মূল্যায়ন কমিটি:

১) উপ প্রকল্প পরিচালক (উপ প্রকল্প পরিচালক না থাকলে উপপরিচালক)	: সভাপতি
২) সরকারি দপ্তরের একজন প্রতিনিধি	: সদস্য
৩) আইটি বিষয়ে অভিজ্ঞ সরকারি দপ্তরের একজন প্রতিনিধি (কেবল আইটি সামগ্রী ক্রয়/বিক্রয়/মেরামত/সংগ্রহের ক্ষেত্রে)	: সদস্য
৪) বিআরটিএ'র প্রতিনিধি (কেবল যানবাহন সংক্রান্ত সামগ্রী ক্রয়/বিক্রয়/মেরামত/সংগ্রহের ক্ষেত্রে)	: সদস্য
৫) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সদর উপজেলা	: সদস্য সচিব

কমিটির কার্যপরিধি (টিওআর):

- জেলা দপ্তরের জন্য দরপত্র মূল্যায়ন কমিটি পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮ এর প্রযোজ্য ধারা ও বিধিসমূহ অনুসরণপূর্বক ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার অধিক স্বল্পমূল্যের ক্রয় সম্পাদনের সুপারিশ করবেন।
- জেলা দপ্তরের জন্য ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার উর্ধ্ব ক্রয়ের ক্ষেত্রে কমিটির সুপারিশ মহাপরিচালকের অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে।
- প্রাপ্ত সুপারিশসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে মহাপরিচালকের পক্ষে ২৫,০০১/- হতে ১,০০,০০০/- টাকা পর্যন্ত যুগ্মপরিচালক (প্রশাসন) এবং ১,০০,০০১/- হতে ২,০০,০০০/- টাকা পর্যন্ত পরিচালক (প্রশাসন) অনুমোদন দেবেন।
- ২,০০,০০০/- টাকা টাকার উর্ধ্ব ক্রয়ের ক্ষেত্রে প্রাপ্ত সুপারিশ মহাপরিচালক অনুমোদন প্রদান করবেন।

খ) উপজেলা দপ্তরের জন্য দরপত্র মূল্যায়ন কমিটি:

১) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	: সভাপতি
২) সরকারি দপ্তরের একজন প্রতিনিধি	: সদস্য
৩) আইটি বিষয়ে অভিজ্ঞ সরকারি দপ্তরের একজন প্রতিনিধি (কেবল আইটি সামগ্রী ক্রয়/বিক্রয়/সংগ্রহের ক্ষেত্রে)	: সদস্য
৪) এআরডিও (রাজস্ব খাতের) (এআরডিও না থাকলে রাজস্ব খাতের হিসাবরক্ষক)	: সদস্য সচিব

কমিটির কার্যপরিধি (টিওআর):

- উপজেলা দপ্তরের জন্য দরপত্র মূল্যায়ন কমিটি কমিটি পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮ এর প্রযোজ্য ধারা ও বিধিসমূহ অনুসরণপূর্বক ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার অধিক স্বল্পমূল্যের ক্রয় সম্পাদনের সুপারিশ করবেন।
- কমিটির সুপারিশ সংশ্লিষ্ট জেলার উপপরিচালক অনুমোদন করবেন।
- ইউসিসিএ'র স্থাবর-অস্থাবর সম্পদ ব্যবহার করে বড় ধরনের ক্রয়কার্য এ কমিটির আওতাভুক্ত হবে না।

- ২। কমিটি বিশেষ প্রয়োজনে সংশ্লিষ্ট এক বা একাধিক স্থানীয় কর্মকর্তাকে কো-অপারেট করতে পারবে।
- ৩। উল্লিখিত কমিটিদ্বয়ের সদস্যগণ সিপিআর, ২০০৮ (সংশোধনী) অনুযায়ী প্রতি সভায় অংশগ্রহণের জন্য ৬০০/- (ছয়শত) টাকা ব্যয়ে সম্মানী ভাতা প্রাপ্য হবেন।
- ৪। ইতোপূর্বে জারিকৃত এ সংক্রান্ত সকল আদেশ এতদ্বারা বাতিল করা হলো। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৫.০৯.২০২৩

মোঃ আকরাম হোসেন
পরিচালক (প্রশাসন)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

- ১) পরিচালক (প্রশাসন/অর্থ/ সরেজমিন/পরিকল্পনা/প্রশিক্ষণ/বিআরডিবিআই), বিআরডিবি, ঢাকা/সিলেট।
- ২) যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৩) প্রকল্প পরিচালক/নির্বাহী পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা/রংপুর/ফরিদপুর/কুড়িগ্রাম।
- ৪) উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা। বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৫) মহাপরিচালক মহোদয়-এর একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৬) উপপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৭) উপপরিচালক, বিআরডিবি জেলা (সকল)।
- ৮) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা (সকল), জেলা।
- ৯) অফিস কপি।